# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৩]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদের ভিতরে কবিতা আবৃত্তি করা

باب الشِّعْرِ فِي الْمَسْجِدِ

আরবী

عَنْ حَسَّانَ بْنِ ثَابِتٍ الانْصَارِيّ : أَنَّهُ اسْتَشْهَدَ أَبَا هُرَيْرَةَ : أَنْشُدُكَ اللَّهَ، هَلْ سَمِعْتَ النَّبِيَّ يَقُولُ يَا حَسَّانُ أَجِبْ عَنْ رَسُولِ اللَّهِ اللَّهُمَّ أَيِّدْهُ بِرُوحِ الْقُدُسِ؟ قَالَ أَبُو هُرَيْرَةَ: نَعَمْ. (بخارى:

বাংলা

২৮১) হাস্সান বিন সাবেত আনসারী (রাঃ) বলেন যে, একদা তিনি আবু হুরায়রাকে সাক্ষ্য প্রদান করার জন্য বলতে গিয়ে বললেনঃ হে আবু হুরায়রা! আমি আপনাকে আল্লাহর কসম দিচ্ছি। বলুন তো আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এ কথা বলতে শুনেননি? তিনি বলেছেনঃ হে হাস্সান! আল্লাহর রাসূলের পক্ষ হতে তুমি কাফেরদের উত্তর দাও। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ হে আল্লাহ! তুমি তাঁকে জিবরীল ফেরেশতার মাধ্যমে সাহায্য কর। তখন আবু হুরায়রা (রাঃ) বললেনঃ হ্যাঁ। আমি তাঁকে এ কথা বলতে শুনেছি।

## English

(What is said about) reciting poetry in the mosque?

Narrated Hassan bin Thabit Al-Ansari:

I asked Abu Huraira "By Allah! Tell me the truth whether you heard the Prophet (ﷺ) saying, 'O Hassan! Reply on behalf of Allah's Messenger (ﷺ). O Allah! Help him with the Holy Spirit." Abu Huraira said, "Yes . "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ হাস্সান ইবনু সাবিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89579

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন